

## পথ ও নদীর গল্প

প্রাণনাথ শেঠ

দেখতে দেখতে সময় চলে যায়  
 পথও যায় নদীর মত  
 ঠিক যেভাবে টগবগ ঘোড়া তেপাঞ্চরের মাঠ পেরয়  
 খুব দ্রুত পেরিয়ে আসি শৈশব কৈশোর

এরই মাঝে রাগ অনুরাগ বিভাজন পর্ব  
 রকমারি ভূমিকা গল্প কাহিনি উপন্যাস শেষে  
 সাগরে মেশার আগে থমকে দাঁড়ানো  
 ঘুরেফিরে সেই নদীর গল্প।

দেখতে দেখতে সময় চলে যায়  
 কোথায় যায়  
 যেভাবে দিন রাত্রির কাছে যায়  
 মেঘেরা আকাশের কাছে যায়  
 সেভাবে আমরাও হেঁটে হেঁটে হেঁটে একদিন  
 সব হিসেব চুকিয়ে ফিরে যাব কোথায়।

এই আসা যাওয়ার মাঝে শুধু পথ আর নদী  
 কলিদাস রবি ঠাকুর বেণজামিন মোলায়েজ  
 এখানেই সত্যাসত্য গল্পের শুরু ও শেষ।

ফল  
সুকৃতি

এত বেশি ভুল ধরতে ধরতে দেখো  
 নিজেই না ভুল হয়ে যাও একটা সময়।  
 যড় রিপু দর্শনের চাপে, পঞ্চরিপু দর্শনের  
 ছায়ায় আমি উদ্যানে দাঁড়িয়ে থাকা  
 ভূত-কে মানুষ ভেবে ভুল করেছি জেনেও  
 এই জন্ম তাৎক্ষণিক বিবেচনার ফল,  
 এই জন্মে বহু বিচক্ষণতার ফসল কুড়াতে পারোনি।

পরিষ্কার কলিঙ্গা যুদ্ধের খেলায়  
 আসলে অশোক হারেনি  
 আসলে অশোক জিতেও যায়নি...  
 সমস্ত অতীত থেকে সমস্ত বর্তমান  
 শতাব্দী-দশক-প্রেম-বৃক্ষ-কবিতার নির্বাচিত ঘরে  
 আমি একা একা কর্মফল খুঁজিয়া বেড়াই...